2

আজকের কাগজ

তারিখ 08 MAY 1995
পৃষ্ঠা ৬ কলাম ৩

# সেনবাগে দাখিল পরীক্ষা কেন্দ্রে ভুয়া উত্তরপত্র জমা

নোয়াখালী জেলার সেনবাগ দাখিল পরীক্ষা কেন্দ্রে ২ জন পরীক্ষার্থীর ভুয়া উত্তরপত্র জমা দেয়ার এক চাঞ্চল্যকর খবর পাওয়া গেছে। জানা গেছে, গত ২৮ এপ্রিল সেনবাগ দাখিল পরীক্ষা কেন্দ্রে আরবী ১ম পত্রের পরীক্ষায় ২ জন পরীক্ষার্থী ভুয়া উত্তরপত্র জমা দেয়ার সময় লক্ষীআরা সিনিয়র মাদ্রাসার ছাত্র মোঃ সেলিম আহম্মদ রোল নং-৮৩৯০৯ রেজি নং-৫৬২২৪ ও মোঃ আলাউদ্দিন মজুমদার রেজি নং-৩৬৬৩১ রোল নং-৮৩৯১১ এই পরীক্ষার্থী ২টি ভুয়া উত্তর পত্র জমা দেয়। এই ২টি উত্তরপত্র নিয়ে প্রথমে হল পরিদর্শকের সন্দেহ হলে ঘটনাটি সঙ্গে সঙ্গে কেন্দ্র সুপারকে জানায়। কেন্দ্র সুপার এই ২টি উত্তরপত্র অন্যান্য উত্তরপত্রের সাথে মিলিয়ে দেখে যে, উক্ত উত্তরপত্র দু'টি ভুয়া। এই ঘটনার পর একজন ছাত্র বাকী পরীক্ষা থেকে বিরত থাকে। এ ব্যাপারে গত ১৮ এপ্রিল মাদ্রাসা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে সেনবাগ দাখিল পরীক্ষা কেন্দ্রের সচিব ভুয়া উত্তরপত্র সংযুক্ত ১টি লিখিত অভিযোগ পাঠায়। সেনবাগ থেকে খোরশেদ আলম।